৩২

দৈনিক বাংলা

তারিখ 16 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

# এইচএসসি ঃ যশোর বোর্ডের ফল প্রকাশ ॥ পাসের হার ৪২.৬২

যশোর ব্যুরো ঃ যশোর শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফল রোববার প্রকাশিত হয়েছে। পাসের হার ৪২ দশমিক ৬২ ভাগ।

এবার ৯৭ হাজার ৯শ' ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৯২ হাজার ৪শ' ৭০ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন। এর মধ্যে ৭ হাজার ৬শ' ১৩ জন প্রথম বিভাগ, ২৬ হাজার ৩শ' ৮৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৫ হাজার ৪শ' ১১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৩৯ হাজার ৪শ' ৯ জন।

বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি গ্রুপে ৯ হাজার ৯শ' ১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৮শ' ৪৩ জন প্রথম বিভাগ, ৩ হাজার ১৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৩শ' ৮২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৫২ দশমিক ৮৩ ভাগ। এ গ্রুপে ৫২ দশমিক ২৪ ভাগ পুরুষ এবং ৫৫ দশমিক ৩৬ ভাগ মহিলা উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ২শ' ৪০ জন।

মানবিক গ্রুপে ৭১ হাজার ১শ' ৭৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ৬শ'

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## যশোর বোর্ড

৪২ জন প্রথম বিভাগ পেয়েছেন। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ১৯ হাজার ৫শ' ৬০ জন। ৪ হাজার ৩শ' ৪৩ জন পেয়েছেন তৃতীয় বিভাগ। পাসের হার শতকরা ৪০ দশমিক ১০ ভাগ। ৩৮ দশমিক শূন্য ৫ ভাগ পুরুষ এবং ৪৩ দশমিক ৪২ ভাগ মহিলা উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ২৮ হাজার ৫শ' ৪৫ জন।

বাণিজ্য গ্রুপে ১১ হাজার ৩শ' ৭৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ১০০শ' ২৮ জন প্রথম বিভাগ, ৩ হাজার ৮শ' ১০ জন দ্বিতীয় বিভাগ এবং ৬শ' ৮৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ৬শ' ২৪ জন। পাসের হার শতকরা ৪৯ দশমিক ৪৫ ভাগ। ৪৮ দশমিক ৬৪ ভাগ পুরুষ এবং ৫৫ দশমিক ৯৭ ভাগ মহিলা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।

### গতবারের চেয়ে পাসের হার বেশী

১৯৯৪ সালের তুলনায় এবার যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় শতকরা প্রায় ৮ ভাগ অতিরিক্ত পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। এবার পরীক্ষার্থীর সংখ্যাও ছিল গতবারের তুলনায় বেশী।

১৯৯৪ সালে পাসের হার ছিল ৩৪ দশমিক ৬৫ শতাংশ। ৪২ দশমিক ৬২ শতাংশ এবারকার পাসের হার। অর্থাৎ ৭ দশমিক ৯৭ শতাংশ বেশী পরীক্ষার্থী এবার উত্তীর্ণ হয়েছেন। ৯৭ হাজার ৯শ' ৭৭ জন এবারকার পরীক্ষার্থী সংখ্যা ছিল। ৭৭ হাজার ২শ' ৫৫ জন গতবার পরীক্ষার্থী হিসাবে তালিকাভুক্ত ছিলেন৷ ২০ হাজার ৭শ' ২২ জন অতিরিক্ত পরীক্ষার্থী ছিলেন এবার।

গতবারের মত এবারও মেয়েদের উত্তীর্ণ হবার হার বেশী। ১৯৯৪ সালে ৩৬ দশমিক ৪১ শতাংশ ছাত্রী উত্তীর্ণ হয়। ৩৩ দশমিক ৮১ জন ছাত্র উত্তীর্ণ হন ওই সময়। পুরুষের তুলনায় মেয়েদের উত্তীর্ণ হবার হার ছিল ২ দশমিক ৬ শতাংশ বেশী।

এবার ৪৪ দশমিক ৬৯ শতাংশ মহিলা এবং ৪১ দশমিক ৬১ শতাংশ পুরুষ উত্তীর্ণ হয়েছেন। অর্থাৎ পুরুষের তুলনায় ৩ দশমিক শূন্য ৮ শতাংশ বেশী মহিলা উত্তীর্ণ হয়েছেন, যা গতবারের ব্যবধানের চেয়েও শূন্য দশমিক ৪৮ শতাংশ বেশী।